

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

আঞ্চলিক কার্যালয়, সপুরা, রাজশাহী

www.bscic.rajshahidiv.gov.bd

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ রেজাউল আলম সরকার আঞ্চলিক পরিচালক (উপসচিব), বিসিক, রাজশাহী।
সভার তারিখ ও সময়	:	২৭/০৯/২০২১ খ্রিঃ বেলা ৩.৩০ ঘটিকা
সভার স্থান	:	আঞ্চলিক পরিচালক এর অফিস কক্ষ।
উপস্থিতির তালিকা	:	‘পরিশিষ্ট ক’

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল এর আলোকে শুদ্ধাচারের ভূমিকা, এর গুরুত্ব ও প্রয়োজনীয়তার উপর আলোকপাত করেন। তিনি জানান সমাজে শুদ্ধাচার বাস্তবায়িত হলে জাতীয় উন্নয়ন অনেক বেশি ত্বরান্বিত হবে। সুখী, সমৃদ্ধ ও উন্ন দেশ গড়তে জাতীয় শুদ্ধাচার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের মাধ্যমে আমরা দূনীতিমুক্ত শোষণমুক্ত সমাজের নাগরিক হিসাবে পরিচিতি হতে পারব। এ জন্য দরকার নৈতিক মূল্যবোধের অধিকারী সং ও দক্ষ কর্মচারী। তিনি বিসিক আঞ্চলিক অফিস, রাজশাহী এর প্রত্যেক কর্মচারী যাতে জাতীয় শুদ্ধাচার মেনে সেবা প্রদানে আন্তরিক থাকেন সে বিষয়ে সকলকে আহবান জানান। বিস্তারিত আলোচনা শেষে APA ২০২১-২০২২ এর আলোকে সু-শাসন নিশ্চিতকল্পে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রমিক	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	বিসিক আঞ্চলিক কার্যালয়, রাজশাহী কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২১-২২ এবং ত্রৈমাসিক পরিবেক্ষণ প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করণ।	জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২১-২২ ইতোমধ্যে আপলোড করা হয়েছে। ১ম ত্রৈমাসিক পরিবেক্ষণ প্রতিবেদন আগামী ১৫/১০/২০২১ এর মধ্যে ওয়েবসাইটে আপলোড করা হবে।	সদস্য সচিব, শুদ্ধাচার নৈতিকতা কমিটি
০২.	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ	জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত ২টি প্রশিক্ষণ গত ১০/০৯/২০২১ রাজশাহীতে এবং ২২/০৯/২০২১ রংপুরে অনুষ্ঠিত হয়েছে। তথ্য ওয়েবসাইটে আপলোড করতে হবে।	”
০৩.	কর্ম পরিবেশ উন্নয়ন	কর্ম পরিবেশ উন্নয়নে ইতোমধ্যে অফিস চত্বর পরিষ্কার করা হয়েছে। ২ প্যাকেট মাস্ক ও ১০টি স্যানিটাইজার বিতরণ করা হয়েছে। তথ্য ওয়েবসাইটে আপলোড করতে হবে।	”
০৪.	২০২১-২২ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	এ কার্যালয়ে ২০২১-২২ অর্থবছরে কোন মূলধনী ক্রয় না থাকায় কোন ক্রয়-পরিকল্পনা করা হয়নি। পরবর্তীতে ক্রয়-পরিকল্পনা প্রস্তুত হলে ওয়েব সাইটে আপলোড করতে হবে।	”
০৫.	বিসিকে মৌ পালন কেন্দ্রে উৎপাদিত মধুর মূল্য ও মজুদের পরিমাণ ওয়েবসাইটে প্রকাশ	দিনাজপুর বিসিক কার্যালয় হতে মধুর মূল্য মজুদের পরিমাণ সংগ্রহ পূর্বক আগামী ৩০/০৯/২০২১ খ্রিঃ এর মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	”
০৬.	দুর্নীতি প্রতিরোধ বিষয়ক নির্দেশনা বোর্ড স্থাপন	আগামী ৩০/০৯/২০২১ খ্রিঃ এর মধ্যে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক বোর্ড স্থাপন করতে হবে।	”

০৭.	ঋণ বিতরণ কার্যক্রম মনিটরিং/তদারকিকরণ	ঋণ বিতরণ কার্যক্রম মনিটরিং/তদারকিকরণের প্রতিবেদন প্রস্তুত করতে হবে।	সদস্য সচিব, শূদ্ধাচার নৈতিকতা কমিটি
০৮.	ই-নথির ব্যবহার বৃদ্ধি	বিসিক প্রধান কার্যালয়ের সাথে যোগাযোগ করে ই-নথির ব্যবহার বৃদ্ধি করতে হবে।	”
০৯.	তথ্য বাতায়ন হালনাগাদ করণ	তথ্য বাতায়নে সকল সেবার হালনাগাদ করতে হবে। এছাড়া অফিসের অন্যান্য তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে।	”
১০.	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা(অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করণ	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা(অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	”
১১.	পরিবীক্ষণ ও সক্ষমতা উন্নয়ন	(ক) অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উচ্চতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। (খ) জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে। (গ) ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ প্রতিবেদন উচ্চতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।	”
১২.	সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করণ	সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে।	”
১৩.	তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান	তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করতে হবে।	”

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


27.07.21

(মোঃ রেজাউল আলম সরকার)
আঞ্চলিক পরিচালক (উপসচিব)
বিসিক, রাজশাহী

স্মারক নং- ৩৬.০২.০০০০.০২৭.০০.০০১.২১/ ৩৭৬৬

তারিখ : ১২ আশ্বিন ১৪২৮বঃ
২৭ সেপ্টেম্বর ২০২১খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে;

১. পরিচালক (শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ), বিসিক, ঢাকা

২. সচিব, বিসিক, ঢাকা

৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)


27.07.21

(মোঃ রেজাউল আলম সরকার)
আঞ্চলিক পরিচালক (উপসচিব)
বিসিক, রাজশাহী